৬৭

তারিখ 05 NOV 1993
পৃষ্ঠা ৭৫ কলাম ৬

দৈনিক ইত্তেফাক

## বিজ্ঞান মেলা

# শুধুই কি আনুষ্ঠানিকতা?

বিজ্ঞানের ক্ষেত্রে তরুণ ছাত্র-ছাত্রীদেরকে উৎসাহ দেওয়ার লক্ষ্যে প্রতিটি জেলা শহরে এখন বিজ্ঞান মেলা অনুষ্ঠিত হচ্ছে। এই মেলার প্রধান উদ্দেশ্য হল, বিজ্ঞান বিষয়ক বিভিন্ন বাস্তবধর্মী ধারণা দিয়ে সর্বস্তরে বিজ্ঞান অনুরাগ ও বিজ্ঞান সাক্ষরতা সৃষ্টি এবং বিজ্ঞানের সুফল দৈনন্দিন জীবনে প্রয়োগের জন্য জনসাধারণকে উদ্বুদ্ধকরণ, শিশু-কিশোর ও তরুণদের মধ্যে বিজ্ঞান ও প্রযুক্তি ক্ষেত্রে উদ্ভাবনামূলক কাজে আগ্রহ সৃষ্টি ও তাদের সুপ্ত প্রতিভার উন্মেষে সহায়তাদান, দেশীয় সম্পদের সাহায্যে স্বল্পমূল্যে বিজ্ঞান ও প্রযুক্তিভিত্তিক আমদানীর বিকল্প গড়ে তোলার ব্যাপারে তরুণ উদ্ভাবক ও অন্যাদেরকে সহায়তা করা ও উৎসাহ প্রদান।

সরকারী পর্যায়ে বিজ্ঞান মেলা ও বিজ্ঞান সপ্তাহ পালনের উদ্যোগ খুবই প্রশংসনীয়, বিশেষ করে থানা পর্যায়ে বিজ্ঞান সপ্তাহ উদযাপিত হলে তরুণদের মধ্যে সাড়া পড়ে যাবে।

এই মেলা বা সপ্তাহ সম্পর্কে কিছু কথা বলা দরকার। গ্রামে থেকেও একজন তরুণ বিজ্ঞানী যেন উৎসাহ পায় তার জন্য সরকারের এই আয়োজন। কিন্তু থানা বা জেলা পর্যায়ে যারা এই কর্মকান্ডের সাথে জড়িত তারা বিষয়টিকে কিভাবে দেখছেন বা দেখবেন তা ভাবতে হবে। এখনো পর্যন্ত জেলা শহরে অনেক কলেজে এটি একটি বাৎসরিক কর্মকান্ডের মত। 'পালন করতে হয় তাই করা।' গ্রাম পর্যায়ের অবস্থা তো আরও করুণ। বিজ্ঞান বিষয়ে তরুণ-তরুণীদেরকে আকৃষ্ট করার তেমন কোন পদক্ষেপ নেই। অনেক কলেজে বা স্কুলে বিজ্ঞানের প্রয়োজনীয় যন্ত্রপাতিও নেই। প্রয়োজনীয় বইও নেই লাইব্রেরীতে। উপরন্তু যোগ্য শিক্ষকেরও অভাব সর্বত্র। বিজ্ঞান বিষয়ক আড্ডার পরিবেশও কোথাও নেই।

আগামী বছর ২৪শে জানুয়ারী থেকে ২৭শে জানুয়ারী পর্যন্ত ঢাকায় জাতীয় পর্যায়ের বিজ্ঞান প্রদর্শনী ও মেলা অনুষ্ঠিত হবে। ইতিমধ্যে ২রা অক্টোবর থেকে ২১শে অক্টোবরের মধ্যে বিভিন্ন জেলা শহরের কলেজসমূহ বিজ্ঞান প্রদর্শনী সম্পন্ন করেছে। দেখা গেছে, অধিকাংশ কলেজ যেন আনুষ্ঠানিকতা পালন করেছে। ডেকোরেটর ডেকে এনে ত্রিপলের ঘের অথবা ছাউনি দিয়ে ২/৩ দিন ল্যাবরেটরীর জিনিসপত্র প্রদর্শন করা হয়েছে অনেক কলেজে। 'যেন শেষ হলেই বাঁচি' এই মানসিকতা পেয়ে বসেছিল অনেকের মধ্যে।

বিজ্ঞান মেলা নিঃসন্দেহে একটি প্রশংসনীয় উদ্যোগ। কিন্তু এই মেলাকে নিছক আনুষ্ঠানিকতার মধ্যে সীমাবদ্ধ রাখলে চলবে না। থানা পর্যায়ে মেলার বিস্তৃতি বৃদ্ধি পেয়েছে। আমরা আশা করবো গরীব বাবার যে সন্তানটি বিজ্ঞানের প্রতি আগ্রহী তার প্রতি সংশ্লিষ্ট ব্যক্তিরা সুনজর দেবেন। সেই সাথে বিজ্ঞানের আলোচনা বিষয়ক অনুষ্ঠানের ব্যবস্থা করবেন।

❑ নিজস্ব প্রতিনিধি



বিজ্ঞান মেলায় একদল ছাত্র-ছাত্রী